

অধিকারসমূহ

রোগীদের জানতে হবে যে তাদের অধিকারসমূহ শুধু স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা গ্রহণকালেই নিশ্চিত করা হয় না, বরং অধিকারসমূহ পরিষেবা গ্রহণের আগে এবং পরেও আওতাভুক্ত করে।

1. সপ্রদান পরিচর্যা

- I. বয়স, লিঙ্গ, ধর্ম বা সংস্কৃতি নির্বিশেষে মর্যাদা ও শ্রদ্ধার সাথে রোগীদের চিকিৎসা পাওয়ার অধিকার রয়েছে।
- II. যথাযথ মনোযোগ, দক্ষতা সহকারে এবং অপয়োজনীয় বিলম্ব ছাড়া স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা এবং চিকিৎসা পাওয়ার অধিকার রোগীদের রয়েছে।
- III. চিকিৎসক ও পরিচর্যা প্রদানকারীদের কাছ থেকে অত্যাবশ্যকীয় শারীরিক, নৈতিক ও আচরণগত সহায়তা পাওয়ার অধিকার রোগীদের রয়েছে।

2. নিরাপত্তা

- I. লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে এবং স্টেট অব কাতারে চিকিৎসা করার জন্য লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসকদের কাছ থেকে চিকিৎসা পাওয়ার অধিকার রোগীদের রয়েছে।
- II. নিরাপদ ও উন্নতমানের পরিচর্যা প্রত্যাশা করার অধিকার রোগীদের রয়েছে।
- III. একটি স্বাস্থ্যকর, নিরাপদ ও নিশ্চিত পরিবেশে পরিচর্যা পাওয়ার অধিকার রোগীদের রয়েছে, যেখানে কাতারি আইন অনুসারে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি, আবশ্যিক নিরাপত্তা সরঞ্জাম, নিরাপদ নির্জীবকরণ ও ঝোঁয়াযুক্ত পরিবেশ বজায় রাখা হয়।
- IV. রোগীদের অনৈতিক আচরণ, কটুক্তি বা অবহেলা মুক্ত পরিচর্যা পাওয়ার অধিকার রয়েছে।
- V. রোগীদের চিকিৎসাগতভাবে প্রয়োজন হলে বা রোগীর অনুরোধে চিকিৎসাগতভাবে অনুমোদনযোগ্য হলে অন্য প্রতিষ্ঠানে পাঠানোর এবং/অথবা স্থানান্তরিত হওয়ার অধিকার রয়েছে।

3. তথ্য

- I. রোগীদের তার চিকিৎসাকারী চিকিৎসকের, অন্যান্য চিকিৎসকদের নাম ও পদবী এবং তার পরিচর্যায় সরাসরি অংশগ্রহণকারী অন্যান্য স্বাস্থ্য-পরিচর্যা প্রদানকারী ব্যক্তিদের কাজ সম্পর্কে জানার অধিকার রয়েছে। রোগীদের তাদের রোগ-নির্ণয় এবং চিকিৎসার বিকল্পসমূহ, পার্শ্ব-প্রতিক্রিয়া, জটিলতা এবং যেকোনো অবাঞ্ছিত প্রভাব সম্পর্কে সংক্ষিপ্ত, পূর্ণাঙ্গ এবং সহজে বোধগম্য তথ্য পাওয়ার অধিকার রয়েছে এবং প্রয়োজন হলে তাদের জন্য একজন
- II. দোভাষী প্রদান করা যাবে। (তবে তা এমন ক্ষেত্রগুলি ছাড়া যখন তা করা চিকিৎসাগতভাবে অনুচিত, সেক্ষেত্রে নাবালক/নাবালিকাদের জন্য এই তথ্য রোগীর অভিভাবক বা পিতামাতাকে অথবা আইনত অনুমোদিত ব্যক্তিকে প্রদান করতে হবে)।
- III. রোগীদের লভ্য পরিষেবার জন্য স্বাস্থ্য প্রতিষ্ঠানের খরচ এবং অর্থ পরিশোধের উপলব্ধ পদ্ধতি সম্পর্কে এবং চিকিৎসার পছন্দগুলির তাৎক্ষণিক ও দীর্ঘমেয়াদী আর্থিক প্রভাব সম্পর্কে অবগত হওয়ার অধিকার রয়েছে।
- IV. রোগীদের প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নীতি মেনে একত্র-রে রিপোর্ট, রোগনির্ণয় সংক্রান্ত রিপোর্ট এবং হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার রিপোর্ট/সারসংক্ষেপ সহ তাদের চিকিৎসা সংক্রান্ত রিপোর্টগুলির একটি করে অনুলিপি জন্য অনুরোধ করার অধিকার রয়েছে (তবে তা এমন ক্ষেত্রগুলি ছাড়া যখন তা করা চিকিৎসাগতভাবে অনুচিত, সেক্ষেত্রে নাবালক/নাবালিকাদের জন্য এই তথ্য রোগীর অভিভাবক বা পিতামাতাকে অথবা আইনত অনুমোদিত ব্যক্তিকে প্রদান করতে হবে)।

4. সিদ্ধান্ত নেওয়ার অংশগ্রহণ

- I. চিকিৎসা প্রত্যাখ্যানের অধিকারসহ রোগীদের তাদের পরিচর্যা ও চিকিৎসা সম্পর্কিত সিদ্ধান্ত নেওয়ার অংশগ্রহণের অধিকার রয়েছে (প্রবিধানসমূহের অনুমতির পরিসরে)। রোগীর চিকিৎসার রেকর্ডে রোগীর সম্মতি বা প্রত্যাখ্যান অবশ্যই লিপিবদ্ধ থাকতে হবে।
- II. রোগীদের একটি দ্বিতীয় মতামতের জন্য অনুরোধ করার অধিকার রয়েছে।
- III. তারা ক্লিনিক্যাল প্রশিক্ষণ ও চিকিৎসা গবেষণায় অংশগ্রহণ করতে চায় কি না সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার অধিকার রোগীদের রয়েছে।

5. গোপনীয়তা ও বিশ্বস্ততা

- I. রোগীদের নিজেদের ব্যক্তিগত তথ্য ও চিকিৎসার রেকর্ড গোপন ও অপকাশ্য রাখার অধিকার রয়েছে (শুধু রোগীর অনুমতিতে যেকোনো উপায়ে তৃতীয় পক্ষের কাছে তথ্য প্রকাশ করা যাবে, তবে প্রাতিষ্ঠানিক অনুরোধে প্রাতিষ্ঠানিক কর্তৃপক্ষের কাছে মেডিকেল রেকর্ডপত্র ও রিপোর্ট বিতরণ করা যাবে) এবং তা কেবল নাবালক রোগীদের ক্ষেত্রে পিতামাতা, অভিভাবক, সরাসরি পরিচর্যাকারী বা আইনত অনুমোদিত ব্যক্তি দেখতে পারবেন।
- II. রোগীদের তাদের পরীক্ষার সময় ও তাদের ব্যাপারে আলোচনা করার সময় পরিবারের একজন সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করার বা একজন সহায়তাকারী ব্যক্তিকে মনোনীত করার অধিকার রয়েছে।
- III. রোগীদের শারীরিক পরীক্ষা ও চিকিৎসার সময় গোপনীয়তা বজায় রাখার ও সম্মান পাওয়ার অধিকার রয়েছে।

6. অভিযোগ ও প্রতিক্রিয়া

- I. রোগীদের প্রতিক্রিয়া জানানোর ও তারা যে পরিচর্যা গ্রহণ করছেন তাতে সন্তুষ্ট না হলে স্বাস্থ্য-পরিচর্যা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা বিভাগে অভিযোগ করার অধিকার রয়েছে, মীমাংসা করা না হলে রোগীদের GHCC তে অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে যেখানে MOPH এর ফিটনেস টু প্র্যাকটিস বিভাগ/কাতার কাউন্সিল ফর হেলথকেয়ার প্র্যাকটিশনারস তা তদন্ত করবে।
- II. রোগীদের এটি প্রত্যাশা করার অধিকার রয়েছে যে, পরিষেবা প্রদানকারী বা FTP বিভাগে উপস্থাপিত যেকোনো অভিযোগ সম্পূর্ণভাবে, বস্তুনিষ্ঠভাবে এবং যথাযথভাবে তদন্ত করা হবে এবং ফলাফল সম্পর্কে তাদের অবহিত করা হবে।

দায়িত্বসমূহ

প্রদানকৃত পরিচর্যা এবং / অথবা চিকিৎসার স্বীকৃতিস্বরূপ রোগীরা চিকিৎসাগত নির্দেশাবলি মেনে চলার জন্য সব যুক্তিসংগত পদক্ষেপ গ্রহণে ভূমিকা পালন করতে সম্মত হন, যেখানে রোগী ও তাদের প্রতিনিধিদের পক্ষ থেকে কিছু দায়িত্ব পালনের প্রয়োজন হয়।

1. অন্যদের সম্মান করা

- I. সরবরাহকারী, কর্মী ও অন্যান্য রোগীদের মর্যাদা, সম্মান ও শ্রদ্ধা দেখানোর জন্য এবং সরবরাহকারীর নিয়মকানুন ও নিরাপত্তা প্রবিধানগুলি অনুসরণ করার দায়বদ্ধতা রোগীদের রয়েছে।
- II. অন্যদের গোপনীয়তা ও বিশ্বস্ততার প্রতি সম্মান দেখানোর দায়বদ্ধতা রোগীদের রয়েছে।

2. তথ্য

- I. সরবরাহকারী প্রদানকারীদেরকে তাদের বর্তমান অবস্থা, অতীতের অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া, ঔষধপত্র এবং স্বাস্থ্য সম্পর্কিত অন্য যেকোনো বিষয়সহ তাদের যতদূর জানা আছে সেই অনুযায়ী তাদের স্বাস্থ্য ও চিকিৎসাগত ইতিহাস সম্পর্কে সম্পূর্ণ ও সঠিক তথ্য জানানোর দায়বদ্ধতা রোগীদের রয়েছে।
- II. যদি তারা তাদেরকে প্রদত্ত কোনো তথ্য বা নির্দেশনা এবং স্বাস্থ্য বিষয়ক শিক্ষা না বুঝে থাকেন তবে রোগীদের দায়িত্ব হলো সে সম্পর্কে প্রশ্ন করা।

3. চিকিৎসা পরিকল্পনাসমূহ গুলি অনুসরণ করা

- I. রোগীদের তাদের পরিচর্যা প্রদানকারীদের সঙ্গে সহযোগিতা করার এবং তাদের পরিচর্যার নির্দেশাবলী অনুসরণ করার এবং আইন অমান্য করলে সব ধরনের ফলাফল ও দায়িত্বের ভার বহন করার দায়বদ্ধতা রয়েছে।
- II. রোগীরা যদি চিকিৎসকের অনুমোদন ছাড়া চিকিৎসার পরামর্শ/পরিবর্তন এবং চিকিৎসা পরিকল্পনা গ্রহণ না করতে চান তবে তারা তার জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- III. একটি বোধগম্য ভাষায় পার্শ্ব-প্রতিক্রিয়া, জটিলতা এবং অপপ্রত্যাশিত প্রভাবসমূহসহ চিকিৎসা/কার্যপদ্ধতির বিষয়ে বিস্তারিত তথ্য প্রদান করা হলে রোগীদের দায়িত্ব হলো তাদেরকে প্রদানকৃত সমস্ত পরিষেবা (কার্যপদ্ধতি ও চিকিৎসা) সম্পর্কে একটি অবহিত সম্মতি পত্রে স্বাক্ষর করা।

4. সঠিক সময়ে সাক্ষাতে উপস্থিত থাকা

- I. সঠিক সময়ে রোগীদের সাক্ষাতে উপস্থিত থাকার এবং যদি কোনো কারণে তারা অংশগ্রহণ করতে না পারেন তবে তা আগেই সাক্ষাৎকার প্রদানকারীদেরকে জানিয়ে দেওয়ার দায়বদ্ধতা রয়েছে।
- II. একটি স্বাস্থ্য-পরিচর্যা প্রতিষ্ঠানে থাকাকালে রোগীদের অবশ্যই ধৈর্য ধরে অপেক্ষা করতে হবে যাতে পরিচর্যা প্রদানকারীরা সকল রোগীকে উত্তম সেবা প্রদান করতে পারেন।

5. আর্থিক বাধ্যবাধকতা দায়বদ্ধতা

- I. রোগীদের তাদের পরিচর্যার সংশ্লিষ্ট আর্থিক দায়বদ্ধতা সমূহ বাধ্যবাধকতাসমূহ সময়মতো পূরণ করার বাধ্যবাধকতা দায়বদ্ধতা রয়েছে।
- II. রোগীদের তাদের যতদূর জানা আছে সেই অনুযায়ী তাদের চিকিৎসা পরিকল্পনার সঙ্গে সংশ্লিষ্ট বীমার দাবি সম্পর্কে পূর্ণাঙ্গ ও যথাযথ তথ্য প্রদান করার জন্য এবং অর্থ পরিশোধের ব্যবস্থা করার জন্য প্রদানকারীদেরকে সহযোগিতা করার বাধ্যবাধকতা দায়বদ্ধতা রয়েছে।

Fitness to Practice / Department of Healthcare Professions

لعرض الميثاق بلغات أخرى، يرجى زيارة موقع وزارة الصحة العامة (www.moph.gov.qa)

To view the Bill in other languages, please visit Ministry of Public Health Website (www.moph.gov.qa)

For more enquiries/information or to submit your complaints, please visit the same website or call Ministry of Public Health 44070000.

للاستفسار أو للحصول على معلومات إضافية أو عند الرغبة في تقديم شكوى يمكن زيارة الموقع الإلكتروني المبين أعلاه أو عبر الاتصال بوزارة الصحة العامة ٤٤٠٧٠٠٠٠.